

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৮৪৮

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১০. দিতীয় অনুচ্ছেদ - জিহ্বার হিফাযাত, গীবত এবং গালমন্দ প্রসঙ্গে

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا يَكُونُ الْمُؤْمِنُ لعانا». وَفِي رِوَايَة: «لاينبغي لِلْمُؤمنِ أَن يكون لعانا». رَوَاهُ التِّرْمِذِيّ

বাংলা

৪৮৪৮-[৩৭] 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ একজন পরিপূর্ণ মু'মিন অধিক অভিসম্পাতকারী হতে পারে না। অপর এক বর্ণনায় আছে, একজন মু'মিনের পক্ষ খুব অভিসম্পাতকারী হওয়া সমীচীন নয়। (তিরমিযী)[1]

ফুটনোট

[1] সহীহ: তিরমিয়ী ২০১৯, সহীহুল জামি' ৭৭৭৪, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ২৭৮৭, মুসনাদে আবূ ইয়া'লা ৫৫৬২, সহীহ আল আদাবুল মুফরাদ ২৩৫, সিলসিলাতুস্ সহীহাহ্ ২৬৩৬, আহমাদ ৮৭৬৭, শু'আবুল ঈ'মান ৫১৫১, আল মুসতাদরাক ১৪৫।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (لَا يَكُونُ الْمُؤْمِنُ لَعَانا) কোন মু'মিন তথা পরিপূর্ণ ঈমানদার ব্যক্তি অধিক অভিসম্পাতকারী হতে পারে না যদিও সে কখনো অভিসম্পাত করে থাকে। অন্য বর্ণনায় রয়েছে, কোন ঈমানদার ব্যক্তির অধিক অভিসম্পাতকারী হওয়া উচিত নয়। (মিরক্বাতুল মাফাতীহ)

তুহফাতুল আহ্ওয়ায়ী গ্রন্থকার বলেনঃ এএ অর্থ হচ্ছে অধিক অভিসম্পাতকারী আর লা'নাত অর্থ হচ্ছে আল্লাহর রহমত থেকে দূরে সরে যাওয়ার জন্য দু'আ করা। শব্দটিকে মুবালাগার শব্দ দ্বারা ব্যবহার করা হয়েছে। কেননা মু'মিন ব্যক্তি কদাচিৎ কাউকে লা'নাত করে ফেলতে পারে।

(তুহফাতুল আহ্ওয়াযী ৫ম খন্ড, হাঃ ২০১৯)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন